## The Bangladesh Monitor - A Premier Travel Publication



## শাহজালালে পুশকার্টের ধাক্কায় ভাঙলো এয়ার ইন্ডিয়ার ল্যান্ডিং গিয়ার

## A Monitor Desk Report



ঢাকা : বিমানের গ্রাউন্ড হ্যান্ডলিং শাখার পুশকার্টের ধাক্কায় এয়ার ইন্ডিয়ার একটি উড়োজাহাজের (এ-৩২০) সামনের ঢাকা (নুজ হইল বা ল্যান্ডিং গিয়ার) ভেঙে গেছে। পুশকার্টের চালকের 'উদাসীনতা ও অবহেলার' কারণে এমন ঘটনা ঘটেছে বলে অভিযোগ উঠেছে।

শনিবার (১৫ নভেম্বর) রাত সাড়ে ৯টায় হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দিল্লির উদ্দেশে রওনা হবার সময়স্চিতে ছিল ওই বিমানটি।

বিমানবন্দর সূত্র জানিয়েছে, রাতে ১২৬ জন যাত্রী ওই ফ্লাইটে ওঠার পর দরজা লাগানো হয়। এ সময় বিমানের জিএসই শাখার গ্রাউন্ড হ্যান্ডলার ও পুশকার্ট দিয়ে সামনের চাকায় ঠেলা দিয়ে ওপরে ওঠানোর সময় ভুলে বড় ধরনের ধাক্কা লেগে যায়। এতে সঞ্চো সঞ্চোই চাকা (নুজ হইল) ভেঙে যায়। ফলে ওই এয়ারক্রাফটকে গ্রাউন্ডেড ঘোষণা দেওয়া হয়। পরে যাত্রীদের নামিয়ে হোটেলে নিয়ে যাওয়া হয়। রবিবার (১৬ নভেম্বর)সকালে তাদের কয়েকজনকে মুম্বাইয়ের ফ্লাইটে পাঠানো হয়।

- এ বিষয়ে এয়ার ইন্ডিয়ার পক্ষ থেকে উড়োজাহাজের ব্যবস্থাপনা পরিচালকের কাছে ক্ষতিপুরণ চাওয়া হয়েছে। ক্ষতিগ্রস্ত এয়ারক্রাফটটি এখনো বে-এরিয়ায় পার্কিং করা আছে।
- এ বিষয়ে প্রত্যক্ষদর্শী সূত্র জানিয়েছে, টুবার লেস পুশকার্ট দিয়ে রং অ্যালাইমেন্টে ধাক্কা দেওয়ায় এ ধরনের ক্ষতি হয়েছে। এটা একান্তই চালকের গাফিলতি বা দায়িত্বহীনতা ছাড়া আর কিছুই নয়। ক্ষতিগ্রস্ত এয়ারক্রাফটটি মেরামত করতে বেশ সময় লাগতে পারে। বিমান ক্ষয়ক্ষতি নিরূপণ করছে।
- এ বিষয়ে জানতে চাইলে বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও ড. মো. সাফিকুর রহমান সাংবাদিকদের জানান, ইতোমধ্যে ওই চালককে এয়ারপোর্ট থেকে প্রত্যাহার করে নেওয়া হয়েছে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। তাকে বরখাস্ত করা হবে।